



ঈশ্বর কি দুঃখ, কষ্ট, কাঁটা, ঘাম এবং শুধু পুরুষের কর্তৃত্ব চান?

অবশ্যই না। তাহলে ঈশ্বর কেন আদি ৩:১৬-১৯ পদে বলেছেন-

“আর সে তোমার উপরে কর্তৃত্ব করিবে। .. তোমার নিমিত্ত ভূমি অভিশপ্ত হইল; তুমি যাজ্জীবন ক্রেশে উহা ভোগ করিবে। আর উহাতে তোমার জন্য কষ্টক ও শেয়ালকাঁটা জন্মিবে। তুমি ঘর্মাক্ত মুখে আহার করিবে যে পর্যন্ত তুমি মৃত্তিকায় গমন না করো।”

যদি ঈশ্বর একটি পরিস্থিতি বর্ণনা করেন, তার অর্থ কি এই যে তিনি সব কিছু ওভাবেই চালাতে চান?

ঈশ্বর এই পৃথিবীকে পরিপূর্ণতা ও উৎকর্ষের, ঐক্যের সাথে সৃষ্টি করেছেন (আদি ১-২) আদি ৩ এই পতনের করণ কাহিনীকে বর্ণনা করে। পাপ ঈশ্বরের নিখুঁত ও পরিপূর্ণ পৃথিবীকে বিয়ে করে এবং ঈশ্বরের প্রতিমূর্তিরা পাপপূর্ণ, লজ্জিত ও ভীত হয়। এই পতিত পৃথিবী আর ঈশ্বরের আদর্শ বহন করে না। ঈশ্বর পৃথিবীকে নিখুঁত ও একতার সাথে তৈরি করেছেন। (আদি ১-২)

মূল শব্দ

יִמְשָׁל

yimshal - সে কর্তৃত্ব করিবে

নির্ধারণ নাকি বর্ণনা?

আদিপুস্তক ৩ অধ্যায়ে ঈশ্বর কি লোকেদের জন্য তাঁর হৃদয় বা আকাঙ্ক্ষা প্রকাশ করেছে, নাকি পতিত পৃথিবীর পরিস্থিতি বর্ণনা করেছেন?

আদি ৩:১৪-১৯ পদে ঈশ্বর অনেক গুলি ঘোষণা দিয়েছেন, আর এখন আমাদের একটি সিদ্ধান্ত নিতে হবে। আমরা কি কি বিশ্বাস করেন যে ঈশ্বর নির্ধারণ করে দিচ্ছেন যে তিনি কেমন পৃথিবী চান নাকি তিনি পতিত পৃথিবী বর্ণনা দেন? উদাহরণস্বরূপ..

- | | |
|---------------------------------|---|
| • কষ্টক ও শেয়াল কাঁটা | ঈশ্বর কি কাঁটা চান নাকি তিনি কাঠিন্য বা কষ্ট বর্ণনা করেছেন? |
| • ঘর্মাক্ত মুখে আহার করিবে। | ঈশ্বর কি ঘাম চেয়েছিলেন নাকি অসুবিধা বর্ণনা করেছেন? |
| • প্রসববেদনা | ঈশ্বর কি এই বেদনায় খুশি হয়েছিলেন নাকি তিনি ফলাফল বর্ণনা করছিলেন? |
| • স্বামীর প্রতি কামনা | নারীর এই কামনা কি ঈশ্বর চেয়েছিলেন নাকি তিনি পতনের ফল বর্ণনা করছিলেন? |
| • পুরুষ নারীর উপর কর্তৃত্ব করবে | পুরুষের কর্তৃত্ব কি ঈশ্বরের পরিকল্পনা নাকি পতনের ফল? |

যদি ঈশ্বর কষ্ট, কাঁটা ও ঘামই চান তাহলে লোকে যখন এসব থেকে উপশম পেতে চেষ্টা করে তখন ঈশ্বরের অবাধ্য হয়।

কৃষকদের কাঁটা বপন করা উচিত এবং সেইগুলি আর তোলা উচিত নয়। কাজের সময় আমাদের ঠান্ডা থাকার পরিবর্তে ঘাম বাড়ানোর চেষ্টা করা উচিত। এবং প্রসবের সময় কোন ঐষধ, কোন ভাল পোশাক বা কোন স্বাস্থ্যমূলক কথা বলা উচিত নয়। বরং ঈশ্বর চান আমরা যেন অনেক কষ্ট পাই। এইটা কি ঠিক শোনায়? অবশ্যই না।

MASHAL(মাশাল) = কর্তৃত্ব

আদিপুস্তক ৩:১৪-৯ দেখায় যে, ঈশ্বরের নিখুঁত পরিকল্পনা থেকে কিছুটা পরিবর্তন ঘটেছে। যদিও কিছু বাইবেল শিক্ষক এটি বলে যে নারীর কামনা ও পুরুষের কর্তৃত্ব ঈশ্বরের এই পরিকল্পনা প্রকাশ করে যে আমাদের বেঁচে থাকার চেষ্টা করা উচিত। এই ফলাফলগুলি ঈশ্বরের আদর্শ নয়। *T'suqah* বলতে বোঝায় নারী তার দৃষ্টি ঈশ্বরের দিক থেকে সরিয়ে পুরুষের দিকে আনবে। (একজন নারীর কি তাঁর স্বামীর প্রতি বাসনা থাকা উচিত? -ওয়ান পেজারটি দেখুন।) পুরুষ নারীর উপর কর্তৃত্ব করবে এটি ঈশ্বরের সহশাসন ও সহ কর্তৃত্বের নকশাকে পরিবর্তন করে। আদিপুস্তক ১ এবং ২, কেই কারো উপর কর্তৃত্ব করার কথা বলা হয়নি। কিন্তু ঈশ্বর সমস্ত সৃষ্টির উপর দুজনকে কর্তৃত্ব করতে বলেছেন - আদি ১:২৮ পদে। একে অন্যের উপর শাসনের ফলে অনেক পাপ ও খারাপ বিষয় যেমন গর্ভ/অপব্যবহার, পিতৃতন্ত্র/মাতৃতন্ত্র এবং পুরুষবাদ/নারীবাদ।

উপসংহার

আদি ৩ অধ্যায়ে, ঈশ্বর পাপে পতিত পৃথিবীর ফলাফল বর্ণনা করেছেন। নারী(সুগাহ) *t'suqah* এবং পুরুষের *mashal*(মাশাল) ঈশ্বরের পরাক্রমী এবং ঐকতানিক পরিকল্পনার বিশ্ব পরিবর্তনকারী পরিবার নয়। এটি পতনের ফলে সৃষ্ট ভয়ংকর দুঃখজনক ঘটনা ঈশ্বরের পরাক্রমী, ঐকতানিক এবং সহযোগীতামূলক দলের ভাঙন।

চারটি গুরুত্বপূর্ণ প্রশ্ন

১. এই পৃষ্ঠাটি ঈশ্বর সম্পর্কে আমাদেরকে কি শেখায়?
২. জাতি বা লোক সম্পর্কে কি শিক্ষা দেয়?
৩. আমি কোন আদেশটি পালন করবো?
৪. আমি এটি কার কাছে বলতে পারি?